

রাবিতেও দ্বিতীয়বার ভর্তি পরীক্ষার সুযোগ বাতিল

■ রাজশাহী অফিস

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) পর এবার রাজশাহী বিশ্ববিদ্যালয়েও (রাবি) দ্বিতীয়বার ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ বাতিল করা হয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী রাবির আগামী ভর্তি পরীক্ষায় ২০১৬ সালে পাশ করা শিক্ষার্থীরাই শুধু অংশগ্রহণ করতে পারবেন।

রাবির ভারপ্রাপ্ত রেজিস্ট্রার প্রফেসর এতাজুল হক বলেন, শনিবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সভায় দ্বিতীয়বার ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ বাতিল করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। তিনি জানান, আগামী ২০১৬-১৭ শিক্ষাবর্ষ থেকে এই সিদ্ধান্ত কার্যকর হবে। ২০১৫-১৬ শিক্ষাবর্ষে যারা ভর্তি পরীক্ষা অংশগ্রহণ করেছেন তারা আর (সেকেন্ড টাইম) ভর্তি পরীক্ষায় অংশ নিতে পারবেন না। ২০১৫-১৬ শিক্ষাবর্ষে রাবিতে দ্বিতীয়বার ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পেয়েছিলেন শিক্ষার্থীরা।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, শনিবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর মুহম্মদ মিজানউদ্দিনের সভাপতিত্বে একাডেমিক কাউন্সিলের সভায় সর্বসম্মতিক্রমে দ্বিতীয়বার ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ বাতিলের সিদ্ধান্ত হয়। বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের ডিন প্রফেসর আমজাদ হোসেন বলেন, এর আগে ডিনস কমিটিতে বিষয়টি আলোচনা হয়েছিল। অনেকে দ্বিতীয়বার পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ নিয়ে অনোর হয়ে পরীক্ষা দেয়। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের এই সংক্রান্ত সিদ্ধান্ত নিয়ে হাইকোর্টে করা রিট খারিজ হওয়ার বিষয়টিও বিবেচনা করা হয়েছে। সার্বিক বিষয় চিন্তা করে একাডেমিক কাউন্সিলে সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।